

সূত্র : ২৮.১৯.০০০০.৬০৫.৫২.০০২.২১-

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: আরপিজিসিএল'র ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

- সভাপতি : মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম লিডার, আরপিজিসিএল।
- তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২৩, বৃহস্পতিবার
- সময় : দুপুর ১২:০০ ঘটিকা
- স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম।
- উপস্থিতি : রেকর্ডেড

## ২। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় কোম্পানির উপমহাব্যবস্থাপক (সিএসএস) সিটিজেন চার্টার ফোকালপয়েন্ট আরপিজিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২.২ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় সিটিজেন চার্টার কি ও কেন এ বিষয়ে আলোকপাত করেন। সভায় এপিএ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী সিটিজেন শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ও তথ্য অধিকার আইন (আরটিআই) বিষয়েও সংশ্লিষ্ট ফোকালপয়েন্টবৃন্দ আরপিজিসিএল-এর কার্যক্রম ও তথ্য অবহিত করেন।

২.২। সভায় পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে টিজিটিডিসিএল, পিজিসিএল, বিজিএফসিএল, এসজিএফএল, কেজিডিসিএল, জালালাবাদ, বিজিডিসিএল ও জিটিসিএল-এর প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব কর্মপরিকল্পনার অগ্রগতি অবহিত করেন। একইসঙ্গে আরপিজিসিএল-এর কাছ থেকে সেবাপ্রত্যাশী সংস্থা হিসেবে তীরা সিএনজি সংক্রান্ত সেবা প্রাপ্তির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। এছাড়া, বাইরের প্রতিষ্ঠানের মধ্যে অংশীজন হিসেবে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভারশন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের প্রতিনিধি, পানামা সিএনজি কনভারশন ঢাকা, গ্রিন ফুয়েল সিএনজি কনভারশন ঢাকা, আকিজ সিএনজি স্টেশন লিমিটেড, স্যাটকো সিএনজি স্টেশন, চাঁদপুর, ডেনসো সিএনজি স্টেশন লিমিটেড-এর প্রতিনিধিগণ সভায় অংশগ্রহণ করেন

২.৩। বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন এন্ড কনভারশন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের প্রতিনিধি জানান যে, তিনি আরপিজিসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণ করতে পেরে কৃতজ্ঞ। তিনি আরপিজিসিএল হতে সিএনজি সংশ্লিষ্ট কি কি সেবা প্রদান করা হয় এবং কিভাবে এই সেবাসমূহ সম্পর্কে জানা যাবে তা জানতে চান। তিনি অংশীজনের অংশগ্রহণের সভা জুম প্ল্যাটফর্মে না করে পূর্বের ন্যায় সরাসরি অংশ গ্রহণে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে মতামত প্রদান করেন।

কোম্পানীর উপমহাব্যবস্থাপক (সিএসএস) ও সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, আরপিজিসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রধান কার্যালয় ও সাইট অফিসসমূহে দৃশ্যমান স্থানে পদর্শিত আছে এবং কোম্পানির নিজস্ব ওয়েব সাইটে ([www.rpgcl.org.bd](http://www.rpgcl.org.bd)) দেয়া আছে। তিনি আরও অবহিত করেন যে, যে কেউ কোম্পানির ওয়েব সাইটে প্রবেশ করে আরপিজিসিএল হতে প্রদত্ত সিএনজি সংশ্লিষ্ট সেবাসমূহ সম্পর্কে এবং সেবা গ্রহণ আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের প্রাপ্তি স্থান, কত কার্যদিবসের মধ্যে সেবাটি দেয়া হবে, প্রতিটি সেবার বিপরীতে সেবা ফি, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও উর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগের জন্য নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল ইত্যাদি বিষয়ে জানতে পারবে।

২.৪। সভাপতি বলেন, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহি এবং পারস্পরিক সৌহার্দ্য আরও বাড়বে। কোনো প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিষ্ঠা করতে পারলে নিঃসন্দেহে তা ইতিবাচক প্রভাব ফেলবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সোনার বাংলা গঠনে তাৎপর্যপূর্ণ অবদান রাখছে।


২.৫। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, আরপিজিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সিএনজি কনভারশন, সিলিন্ডার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাপ্রার্থীতার মতামতকে গুরুত্ব প্রদান, নাগরিকদের অভিযোগ পাওয়া গেলে প্রতিকারের ব্যবস্থা করাসহ কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১। অংশীজনের মতামতের আলোকে আরপিজিসিএল পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে করণীয় বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩.২। আরপিজিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সিএনজি সংশ্লিষ্ট সেবাসমূহ সেবাগ্রহীতার অভিযোগ/মতামতকে গুরুত্ব দিয়ে প্রদান করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



প্রকৌ. মোঃ আলমগীর সরকার  
মহাব্যবস্থাপক (পরিচালনা ও উন্নয়ন) ও  
এপিএ টিম লিডার, আরপিজিসিএল।

কার্যার্থে বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১। মহাব্যবস্থাপক (প্রশাসন/পিঅ্যাডডি/এলএনজি/সিএনজি/অপারেশন/কোম্পানি সচিব)/(অর্থ), আরপিজিসিএল, ঢাকা।

২। উপমহাব্যবস্থাপক (সিএসএস/পিঅ্যান্ডএম/এইচআর/সংস্থাপন/হিসাব/কো: অ্যাফেয়ার্স), আরপিজিসিএল, ঢাকা।

অনুলিপি:

১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।

২। মহাব্যবস্থাপক (অনুসন্ধান) ও সভাপতি, সিটিজেন্স চার্টার, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কাওরানবাজার, ঢাকা।

৩। ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল, ঢাকা।

৪। উপব্যবস্থাপক (আইসিটি), আরপিজিসিএল, ঢাকা: ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।

৫। অফিস কপি।